

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৩৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِنِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ একজন ব্যক্তির জন্য মুস্তাহাব হলো দুর্বলদের প্রতি মনোনিবেশ করা এবং তাদের কার্যসম্পাদন করে দেওয়া, যদিও তিনি অন্যের কোন কাজে নিয়োজিত থাকেন

ذِكْنُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ الْإِقْبَالُ عَلَى الضَّعَفَاءِ وَالْقِيَامُ بِأُمُورِهِمْ وَإِنْ كَانَ اسْتِعْمَالُ مِثْلِهِ مَوْجُودًا مِنْهُ فِي غَيْرِهِمْ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ الْجُعْفِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحِيمِ بْنُ سُلَيْمَانَ عَنْ هِشَامٍ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: أُنْزِلَتْ {عَبَسَ وَتَوَلَّى} بْنُ سُلَيْمَانَ عَنْ هِشَامٍ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَعَلَ يَقُولُ: يَا نَبِيَّ اللَّهِ أَرْشِدْنِي قَالَتْ: وَعِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلٌ مِنْ عُظَمَاءِ يَقُولُ: يَا نَبِيَّ اللَّهِ أَرْشِدْنِي قَالَتْ: وَعِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلٌ مِنْ عُظَمَاءِ الْمُشْرِكِينَ فَجَعَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعْرِضُ عَنْهُ ويُقْبِلُ عَلَى الْآخَرِ فَقَالَ النَّبِيُّ الْمُشْرِكِينَ فَجَعَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعْرِضُ عَنْهُ ويُقْبِلُ عَلَى الْآخَرِ فَقَالَ النَّبِيُّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعْرِضُ عَنْهُ ويُقْبِلُ عَلَى الْآخَرِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : يَا فُلَانُ أَتَرَى بِمَا أَقُولُ بَأْسًا فَيَقُولُ: لَا؛ فنزلت {عبس وتولى} وعبس: 1].

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 536 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৩৬. 'আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, নিচের আয়াত "তিনি ভ্রু কুঞ্চিত করলেন এবং মুখ ফিরিয়ে নিলেন।" (সূরা আবাসা: ১) এটি আব্দুল্লাহ বিন উন্মু মাকতূম রাদিয়াল্লাহু আনহুর ব্যাপারে অবতীর্ণ হয়েছে।"আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন: "আব্দুল্লাহ বিন উন্মু মাকতূম রাদিয়াল্লাহু আনহু রাসূল সাল্লালাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসেন এবং বলতে থাকেন, "হে আল্লাহর নাবী সাল্লালাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে পথ প্রদর্শন করুন।" 'আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, এসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে মুশরিকদের একজন নেতৃস্থানীয় ব্যক্তি ছিলেন। ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর থেকে



মুখ ফিরিয়ে নিয়ে ঐ ব্যক্তির দিকে মনোনিবেশ করছিলেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "হে ওমুক, আমি যা বলছি, তাতে কি তুমি দূষনীয় মনে করো?" তিনি বলেন:" জ্বী, না।" তখন আয়াত নাযিল হয়: "তিনি ভ্রু কুঞ্চিত করলেন এবং মুখ ফিরিয়ে নিলেন।" (সূরা আবাসা: ১)[1]

ফুটনোট

[1] তিরমিযী: ৩৩৩১; হাকিম: ২/৫১৪; মুয়াত্তা ইমাম মালিক: ১/২০৭।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আত তিরমিয়ী: ৩৫৬৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন